

শ্রীশ্রীহরি সঙ্গীত

- ৩। হরি এল হয়ে বক্র, করে লয়ে দয়াচক্র
কাটাবেরে তোর মায়া নক্র করেছে পণ।
তোর কুমতি মঞ্জীর মুণ্ড, ভাঙ্গাবে মেরে দয়াদণ্ড
হবে না তা খণ্ডন।।
- ৪। তোর হিংসা নিন্দার বংশাবলী, কেটে দিবে জলাঞ্জলি
যার বলে তুই এত বলি, বলি শোন।
তোর অজ্ঞান অহঙ্কার বংশ, স্ববংশে করিবে ধ্বংস
এল রসিক হংসগণ।।
- ৫। হরিচাঁদের সেনা গোলোক, রণে এল হয়ে পুলক,
ছক্কারে যার কাঁপে গোলোক বৃন্দাবন।
দয়াল মহানন্দের বাণী, শোনরে দুমতি অশ্বিনী
এ রণে ভাল মরণ।।
- ৫৮ নং তাল-ঠুংরী**
- দেহ লঙ্কার শঙ্কা ঘুচাও দয়াময়।
দুস্মৃতি দুষ্ট দশানন, বাঁচি না তার যজ্ঞগায়।।
- ১। শাস্তি সীতে অবেষণে, পাঠাও দাস্য হনুমান,
গিয়ে মুক্তি আশ্রবনে, খেয়ে করুক চূর্ণ তায়।
প্রেমের আগুন জ্বালাইয়া মায়া মন্দির পোড়াইয়া
করুক লঙ্কা ভস্মময়।।
- ২। আমার কামরূপ সাগর বন্ধন করি, লঙ্কা যাও ধনুকধারী
সাজোপাজ সঙ্গে করি এস হরি রসময়।
সে অলসপাপী কুঞ্জকর্ণ স্বহস্তে তায় কর চূর্ণ,
যার ডয়ে তাপিত হৃদয়।।
- ৩। ব্রহ্ম-জ্ঞান-রূপ ব্রহ্মবাণে দুমতিরূপ দশাননে,
বিনাশ কর জানে প্রাণে, তবে অঙ্গ শীতল হয়।